

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 14-03-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

**CM, Tourist hub :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল গান্ধীঘাটে পর্যটন ও সংস্কৃতি প্রচার হাবের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। মুখ্যমন্ত্রী অনুষ্ঠানে বলেন, পর্যটন ও সংস্কৃতির উন্নয়নের মাধ্যমে রাজ্যকে আর্থ-সামাজিক দিক থেকে উন্নত করতে এই হাব করা হচ্ছে। মোট ৩৫ কোটি টাকা খরচে এটি তৈরি হবে। তিনি জানান, থিয়েটার, অডিটোরিয়াম, রাজ্যের ১৯টি জনজাতি গোষ্ঠীর সংস্কৃতির নিদর্শন, গ্যালারি ও পার্কিং এর জায়গা থাকবে এই হাবে।

\*\*\*\*\*

**PM-Suraj :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল 'প্রধানমন্ত্রী সামাজিক উত্থান ও রোজগার আধারিত জন কল্যান প্রকল্প, PM-SURAJ' -এর সূচনা করেন। তাছাড়া প্রধানমন্ত্রী গোটা দেশের পিছিয়ে পড়া গোষ্ঠীর ১ লক্ষ উদ্যোগীকে ৭২০ কোটি টাকার ঋণ মঞ্জুর করেন। তিনি তপশিলি জাতি, পশ্চাদপদ শ্রেণী এবং স্বাস্থ্যবিধি সংক্রান্ত শ্রমিক-সহ প্রান্তিক গোষ্ঠীর সরকারী বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগীদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মত বিনিময় করেন। সারা দেশের ৪৭০ টিরও বেশি জেলার প্রায় ৩ লক্ষ সুবিধাভোগী এতে যোগ দেন।

\*\*\*\*\*

### Prasar Bharati :

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর গতকাল নতুনদিল্লিতে প্রসার ভারতী থেকে সংবাদ শেয়ার করার পরিষেবা 'PB-SHABD'-এ সূচনা করেন । তিনি পরিমার্জিত আকাশবাণী নিউজ, ডিডি নিউজের ওয়েবসাইট এবং নবগঠিত নিউজ অন এয়ার মোবাইল অ্যাপ চালু করেন। অনুষ্ঠানে শ্রী ঠাকুর বলেন, SHABD পরিষেবাটি প্রথম বছরের জন্য বিনামূল্যে দেওয়া হচ্ছে এবং এটি পঞ্চাশটি বিভাগে সমস্ত প্রধান ভারতীয় ভাষায় খবর সরবরাহ করবে।

\*\*\*\*\*

### এডি নগর ইন্ডাস্ট্রিয়াল এস্টেট :

অরুন্ধতিনগর ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে গতকাল সুসংহত বানিজ্য পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা। এই প্রকল্পে তৈরি হয়েছে ৫২ টি নতুন স্টল, কভার ড্রেন, সোলার স্ট্রিট লাইট, ডিপ টিউবয়েল। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার রাজ্যের শিল্প, বানিজ্য ও সংস্কৃতির উন্নয়নের জন্য কাজ করে চলেছে। কারণ শিল্প ও বাণিজ্যের উন্নয়ন না হলে দেশ তথা কোনো রাজ্যের উন্নয়ন সম্ভব নয়। এই প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হয়েছে ১০ কোটি ৫৪ লক্ষ টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়িকা মীনা রানী সরকার, টি, আই, ডি, সি-র চেয়ারম্যান নবদল বনিক-সহ অন্যান্য বিশিষ্ট জনেরা।

\*\*\*\*\*

### জাতীয় শিক্ষানীতি:

নতুন জাতীয় শিক্ষানীতির প্রতিপাদ্য অনুসারে ১৫ বছর বয়সী ও তদুর্ধ্ব দেশবাসী যারা প্রথাগত শিক্ষার আঙ্গিনায় আসতে পারেননি তাদের আগামী ২০২৭ সালের মধ্যে শিক্ষাগত ও জীবনশৈলীগত দিক দিয়ে সমর্থ করে তুলতে "উল্লাস- নব ভারত সাক্ষরতা কার্যক্রম" নামক কেন্দ্রীয় সরকারের একটি অভিনব প্রয়াস ত্রিপুরাতেও চালু হয়েছে। এই অভিযানকে সর্বাঙ্গীক করার উদ্দেশ্যে আজ সকালে আগরতলায় একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের যুগ্ম সচিব অর্চনা শর্মা অবস্থি এবং কেন্দ্রীয় বিদ্যালয় শিক্ষা ও সাক্ষরতা দপ্তরের অধিকর্তা ড. প্রীতি মিনা-সহ দিল্লি থেকে আগত অন্যান্য প্রতিনিধিরা এই কর্মশালায় সংশ্লিষ্টদের হাতে কলমে প্রশিক্ষণ দেবেন।

\*\*\*\*\*

বিজেপি প্রার্থী:

আসন্ন লোকসভা নির্বাচনে পূর্বত্রিপুরা আসনে বিজেপির প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দিতা করবেন মহারানী কৃতি সিং দেববর্মা। এজন্য তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, কেন্দ্রীয় সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, সাংসদ বিপ্লব কুমার দেব প্রমুখ।

\*\*\*\*\*

BJP:

প্রদেশ বিজেপি কার্যালয় প্রাঙ্গণে গতকাল 'বিকশিত ভারত সংকল্পপত্রে'র জন্য পরামর্শদানের উপর এক কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য,

সহ-সভাপতি তাপস ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র  
দীপক মজুমদার-সহ অন্যান্য কার্যকর্তারা।

\*\*\*\*\*

Ratanlal Nath :

কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ গতকাল মোহনপুর  
আইসিডিএস প্রকল্পের উদ্যোগে প্রজেক্ট মুসকান-এর অধীনে  
'বেটি বাঁচাও বেটি পড়াও' কর্মসূচির সূচনা করেন। তিনি বলেন,  
নারী ক্ষমতায়ন এবং নারী শক্তির জাগরণের মাধ্যমেই নির্ধারিত  
হয় দেশের অগ্রগতির সূচক। সে কারণেই প্রধানমন্ত্রী এই  
কর্মসূচির সূচনা করে গোটা দেশে নারী জাগরণের ডাক  
দিয়েছেন।

\*\*\*\*\*

TTDC :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় পল্লিত  
নেহেরু কমপ্লেক্সে চা নিলাম কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।  
এই নিলাম কেন্দ্রটি স্থাপন করা হলে ত্রিপুরার চা চাষিরা  
অর্থনৈতিক দিক দিয়ে লাভবান হবেন। বর্তমানে গুয়াহাটি বা  
কলকাতাস্থিত চা নিলাম কেন্দ্রের মাধ্যমে ত্রিপুরার চা নিলাম  
প্রক্রিয়া সম্পন্ন করতে ৪৪ দিন সময় লাগে।

\*\*\*\*\*

Women's Cricket :

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতা গতকাল শুরু হয়েছে। আসরের প্রথম দিনে মোট পাঁচটি খেলা হয়। এতে এমবিবি স্টেডিয়ামে অনুষ্ঠিত দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব এবং নিউ টাউন প্লে সেন্টার, তালতলা মাঠে দুটি খেলায় তরুণ সংঘ এবং জুটমিল কোচিং সেন্টার, মেলাঘরে অনুষ্ঠিত খেলায় ভগিনী নিবেদিতা মহিলা সমিতি বিজয়ী হয়েছে।

\*\*\*\*\*

**Weather :**

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রীর কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*

\*\*\*\*\*







